

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৩৪

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/৮. সম্পদশালীদের সম্পর্কে

بَابِ فِي الْمُكْثِرِينَ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَفَّانُ، حَدَّثَنَا غَسَّانُ بْنُ بُرْزِينَ، ح وَحَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُعَاوِيَةَ الْجُمَحِيُّ، حَدَّثَنَا غَسَّانُ بْنُ بُرْزِينَ، حَدَّثَنَا سَيَّارُ بْنُ سَلَامَةَ، عَنِ الْبَرَاءِ السَّلِيطِيّ، عَنْ نُقَادَةَ الأَسَدِيّ، قَالَ بَعَثَنِي رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - إلَى رَجُلِ يَسْتَمْنِحُهُ نَاقَةً فَرَدَّهُ ثُمَّ بَعَثَنِي إلَى رَجُلُ آخَرَ فَأَرْسَلَ إلَيْهِ بِنَاقَةٍ فَلَمَّا أَبْصَرَهَا رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - قَالَ " اللَّهُمَّ بَارِكْ فِيهَا وَفِيمَنْ بَعَثَ بِهَا " . قَالَ نُقَادَةُ فَقُلْتُ صلى الله عليه وسلم - قَالَ " اللَّهُمَّ بَارِكْ فِيهَا وَفِيمَنْ بَعَثَ بِهَا " . قَالَ نُقَادَةُ فَقُلْتُ لِرَسُولِ اللَّهِ - صلى الله عليه وسلم - " اللَّهُمَّ أَكْثِرْ مَالَ فُلاَنٍ " . بِهَا فَحُلِبَتْ فَدَرَّتْ فَقَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " اللَّهُمَّ أَكْثِرْ مَالَ فُلاَنٍ " . لِلْمَانِعِ الأَوَّلِ " وَاجْعَلْ رِزْقَ فُلُانٍ يَوْمًا بِيَوْمٍ " . لِلَّذِي بَعَثَ بِالنَّاقَةِ .

বাংলা

৬/৪১৩৪। নুকাদা আল-আসাদী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে এক ব্যক্তির নিকট থেকে একটি উদ্রী ধার আনার জন্য পাঠান। কিন্তু সে তাঁকে ধার দিলো না। অতঃপর তিনি আমাকে আরেক ব্যক্তির নিকট পাঠান। সে তাঁর জন্য একটি উদ্রী পাঠিয়ে দিলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উদ্রীটি দেখে বলেনঃ "হে আল্লাহ! তুমি এতে বরকত দাও এবং যে ব্যক্তি এটা পাঠিয়েছে তাকেও"। নুকাদা (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললাম, যে ব্যক্তি এ উদ্রী নিয়ে এসেছে তার জন্যও (দোয়া করুন)। তিনি বলেনঃ "যে ব্যক্তি এটা নিয়ে এসেছে তাকেও (বরকত দান করুন)"। অতঃপর তিনি নির্দেশ দিলে উদ্রীর দুধ দোহন করা হলো এবং তা পরিমাণে পর্যাপ্ত হলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "হে আল্লাহ! অমুক ব্যক্তির ধন বৃদ্ধি করুন, যে প্রথম নিষেধকারী। আর যে ব্যক্তি উদ্রীটি পাঠিয়েছে তাকে দৈনিক হারে রিয়িক দিন "।

English



It was narrated that Nuqadah Al-Asadi said:

"The Messenger of Allah () sent me to a man whom he was talking to lend him a she-camel (for milking) and to be returned, but he refused. Then he sent me to another man, who sent a she-camel to him. When the Messenger of Allah () saw it, he said: 'O Allah, bless it and bless the one who sent it.'" Nuqadah said: "I said to the Messenger of Allah (): 'And for the one who brought it.' He said: 'And (bless) the one who brought it.' Then he ordered that it should be milked and it yielded plenty of milk. The Messenger of Allah () said: 'O Allah, increase the wealth of so-and-so,' meaning the first one who did not give a camel; 'and give so-and-so provision day by day,' meaning the one who had sent the she-camel."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ৪৮৬৮। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. গাসসান বিন বুরযীন সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, যারা হাদিস বর্ণনায় ভুল করেন তিনি তাদের একজন। আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৬৮৯, ২৩/১০৪ নং পৃষ্ঠা) ২. বারা আস-সালীতী সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুল। ইমাম যাহাবী বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায় না। তাহরীক্র তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৫৩, ৪/৪১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন